গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৪০০.২০.৪১২.২৩-**৮৯**

তারিখঃ ১৩ চৈত্র ১৪৩০ / ২৭ মার্চ ২০২৪

প্রেরক: মহাপরিচালক
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,
সিজিএ ভবন, (৫ম তলা),
সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়: এলসি ভিত্তিক স্কুল এবং শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপকরণ, শিক্ষকদের মাসিক সভা ইত্যাদি (২ জেলা) বাবদ ব্যয় নির্বাহের জন্য 'কস্ট অব আই.এস.এ' খাতে অর্থ বরাদ্দ ও মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে।**

সূত্রঃ ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.১৫০.০২৯.০১৪.২০১৮-৪০৮, তারিখ ০৪ ডিসেম্বর ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪)-এর সাব-কম্পোনেন্ট ২.৫ 'আউট অব স্কুল চিলড্রেন' শিক্ষা কার্যক্রম ৬৩ জেলায় চলমান রয়েছে।

মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নের যাবতীয় ব্যয় সংশ্লিষ্ঠ জেলায় নিয়োজিত বাস্তবায়ন সহায়ক সংস্থার মাধ্যমে ব্যয় করা হবে। বাস্তবায়নকারী সংস্থা মাসিক ভিত্তিতে পরিশোধিত যাবতীয় ব্যয়ের বিবরণীসহ বিল-ভাউচার সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক বরাবরে দাখিল করবে। জেলার সহকারী পরিচালক ডিডিও হিসেবে সকল বিল- ভাউচার যথাযথ ভাবে নিরীক্ষা করে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবে। জেলার সহকারী পরিচালক বিল পরিশোধের ক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থার অনুকুলে ক্রসড চেক ইস্যুর মাধ্যমে বিল পরিশোধ করবেন।

এসংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য এওপি # ১৩৩, অর্থনৈতিক কোড ৩২৫৭১০১ "বিদ্যালয় বর্হিভূত শিশুদের উপানুষ্ঠানিক শিক্ষা (কস্ট অব আই.এস.এ)" খাতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর ঢাকা হতে চলতি ২০২৩-২৪ অর্থবছরে ১ দফায় মোট ২০৯,১৪,৮৯,০০০.০০ (দুইশত নয় কোটি চৌদ্দ লক্ষ উননব্বই হাজার মাত্র) টাকা সূত্রে বর্ণিত 'ক' নং স্মারকে মঞ্জুরি ও বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত অর্থ হতে ২০২৩-২৪ অর্থবছরের ডিসেম্বর'২০২৩ পর্যন্ত (বকেয়াসহ) এলসি ভিত্তিক স্কুল এবং শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপকরণ, শিক্ষকদের মাসিক সভা ইত্যাদি যাবতীয় ব্যয় বাবদ বর্ণিত ২টি জেলায় কস্ট অব আই.এস.এ খাতে ব্যয় নির্বাহের জন্য সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালকের অনুকূলে মোট **২০,২৭,০৫০.০০ (বিশ লক্ষ সাতাশ হাজার পঞ্চাশ মাত্র)** টাকা ব্যয়ের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

উল্লেখ্য, বর্ণিত বরাদ্দ ও মঞ্জুরীপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসকের IVA রিপোর্ট প্রাপ্তির পর প্রদান করা হলো।

**বিভাজনঃ প্রকৃত টাকায়**

| ক্র নং | জেলার নাম | মেমো নং | মেমোর তারিখ মাস/দিন/বছর | অফিস কোড | এওপি নং | অপারেশনাল কোড | অর্থনৈতিক কোড | সর্বমোট বরাদ্দ (প্রকৃত টাকায়) | জিওবি (৬০%) | আরপিএ (জিওবি) (৪০%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ফরিদপুর | ৮৯ | ০৩-২৭-২০২৪ | ৮২৯ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭১০১ | ১১,৩০,৮৭৫.০০ | ৬,৭৮,৫২৫.০০ | ৪,৫২,৩৫০.০০ |
| ২ | রাঙ্গামাটি | ৮৯ | ০৩-২৭-২০২৪ | ৮৪১ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭১০১ | ৮,৯৬,১৭৫.০০ | ৫,৩৭,৭০৫.০০ | ৩,৫৮,৪৭০.০০ |
| **সর্বমোট টাকা= বিশ লক্ষ সাতাশ হাজার পঞ্চাশ মাত্র।** | | | | | | | | ২০,২৭,০৫০.০০ | ১২,১৬,২৩০.০০ | ৮,১০,৮২০.০০ |

২। "এই ব্যয় ২০২৩-২৪ আর্থিক বছরের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের আওতায় ১২৪-১২৪০২-২২৪২৩৭ ৯০০-০০০০০০ প্রধান কার্যালয়, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচীর '৩২৫৭১০১' অর্থনৈতিক কোড হতে iBAS++ সিস্টেমের মাধ্যমে DDO Authorization প্রক্রিয়ায় নির্বাহ করা হবে।"

৩। অর্থ ব্যয়ের শর্তাবলী:

ক) প্রতিটি ব্যয় এর ক্ষেত্রে মোট বিল এর **জিওবি বাবদ ৬০% হিসাবে এবং আরপিএ (জিওবি) বাবদ ৪০% হিসাবে ব্যয় নির্বাহ করতে হবে।**

খ) **এই ব্যয় নির্ধারিত অর্থনৈতিক কোড (৩২৫৭১০১)** ব্যতীত অন্য কোন কোডে ব্যয় করা যাবে না।

গ) কার্যক্রম বাস্তবায়ন এবং অর্থ ব্যয়ের ক্ষেত্রে বিদ্যমান সকল আর্থিক বিধিবিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। **কোন প্রকার অনিয়মিত ব্যয়ের ক্ষেত্রে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।**

ঘ) **কোন ক্রমেই অগ্রিম উত্তোলন এবং বরাদ্দের অতিরিক্ত ব্যয় করা যাবে না। অগ্রিম উত্তোলন ও বরাদ্দের অতিরিক্ত ব্যয়ের ক্ষেত্রে এবং কোন প্রকার অনিয়মিত ব্যয়ের ক্ষেত্রে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।**

ঙ) এ ব্যয়ের যাবতীয় অডিট কার্যক্রম ব্যুরোর প্রধান কার্যালয়ে/ তাঁর দপ্তরে সম্পাদিত হবে। খরচের সকল বিল-ভাউচার, আনুসঙ্গিক রেজিষ্টারসমূহ তাঁর দপ্তরে এমনভাবে সংরক্ষণ করতে হবে, যাতে স্বল্প সময়ের নোটিশে তা নিরীক্ষাদলের নিকট উপস্থাপন/ অত্র কার্যালয়ে দাখিল করা যায়;

চ) ব্যয়িত অর্থের বিবরণী পরবর্তী মাসের ৩ তারিখের মধ্যে (সংশ্লিষ্ট জেলা হিসাবরক্ষণ অফিসের ব্যয়ের সংগতি সাধনের কপিসহ) এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে;

ছ) প্রচলিত আর্থিক বিধি-বিধানের আলোকে প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত হারে ভ্যাট/ আইটি কর্তন করতে হবে;

জ) এ অর্থ খরচ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট সহকারী পরিচালক আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন এবং যে কোন অনিয়মিত ব্যয়ের জন্য তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন;

ঝ) জেলাওয়ারী বরাদ্দকৃত অর্থের বিস্তারিত বিবরণী ২টি জেলার জন্য পরিশিষ্ট ১ হতে ২ এ সংযুক্ত করা হলো। সংশ্লিষ্ট জেলাকে তদানুযায়ী খাত ভিত্তিক ব্যয় করতে হবে। ব্যয়ের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুসরণ করতে হবে।

ঞ) বাস্তবায়ন সহায়ক সংস্থা তার সংশ্লিষ্ট খাতসমূহের বিপরীতে অর্থ ব্যয় করেছেন এ-মর্মে প্রত্যয়ন পত্র (ব্যাংক ট্রান্সফারের কপি) সহ বিল সহকারী পরিচালকের কার্যালয়ে দাখিল করবেন।

ট) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক ২০২৩ সালের অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী মানসম্মত ও নির্ধারিত সংখ্যক পোশাক/ইউনিফর্ম এবং স্কুল ব্যাগ বিধি মোতাবেক ক্রয় ও বিতরণ আবশ্যিকভাবে নিশ্চিত করত বরাদ্দকৃত অর্থছাড় করতে হবে। উল্লেখ্য, এর কোনরূপ ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

**ঠ) লিড এনজিও কর্তৃক বাস্তবায়িত জেলা ও উপজেলাসমূহের মালামাল ও অন্যান্য খাতসমূহের ক্রয়/ খরচ লিড এনজিও করবে এবং পার্টনার এনজিওর জন্য নির্ধারিত উপজেলার মালামাল ও অন্যান্য খাতসমূহের ক্রয়/ খরচ পার্টনার এনজিও করবে। এ ক্রয়ের গুণগত মান বজায় রাখার বিষয়টি জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সংশ্লিষ্ট জেলাসমূহের সহকারী পরিচালকগণ নিশ্চিত করবেন।**

ড) বাস্তবায়ন সহায়ক সংস্থা (লিড এনজিও) তাদের সহযোগী সংস্থার প্রাপ্য অর্থ একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে প্রদান করবেন। সহকারী পরিচালকের নিকট থেকে চেক পাওয়ার অনধিক ০৩ (তিন) দিনের মধ্যে পার্টনার এনজিও'র নিকট চেক হস্তান্তর করে তা সংশ্লিষ্ট জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সহকারী পরিচালককে বাস্তবায়ন সহায়ক সংস্থা (লিড এনজিও) পত্রের মাধ্যমে অবহিত করবে।

৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সিজিএ ভবন, (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-কে পৃষ্ঠাংকন পূর্বক সংশ্লিষ্ট বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/ জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার অফিসে (প্রয়োজন অনুযায়ী) [১। ফরিদপুর ও ২। রাঙ্গামাটি জেলায়] প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী ....... পাতা।

২৭/০৬/২০২৪

**(ড. মোঃ আবুল কালাম আজাদ)**
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন : ০২-২২৬৬০১১১০

স্মারক সংখ্যা: ৩৮.০০.০০০০.৪০০.২০.৪১২.২৩-৮৯

তারিখঃ ১৩ চৈত্র ১৪৩০ / ২৭ মার্চ ২০২৪

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক (গ্রেড-১) ও কর্মসূচি পরিচালক (পিইডিপি-৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা ।
৩। অতিরিক্ত মহাপরিচালক, পিইডিপি-৪, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৪। পরিচালক (প্রশাসন ও অর্থ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
৫। পরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৬। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
৭। উপপরিচালক (পিইডিপি-৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৮। উপপরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (iBAS++ পদ্ধতিতে ডাটা এন্ট্রির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, .....................।
১০। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, সংশ্লিষ্ট ২ জেলা।
১১। সহকারী প্রোগ্রামার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা। [পত্রটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
১২। নির্বাহী পরিচালক.........................................................,।
১৩। অফিস কপি।

২৭.৩.২৪

মোঃ ওয়াহিদুজ্জামান
সহ: পরিচালক (অর্থ ও লজি.)
ফোন : ০২ ২২৬৬০১১১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

আউট অব স্কুল চিলড্রেন শিক্ষা কার্যক্রমের জন্য

## ২০২৩-২৪ অর্থবছরের এলসি ভিত্তিক স্কুল, শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপকরণ এবং শিক্ষকদের মাসিক সভা ইত্যাদি খাতের বাজেট বিভাজন

জেলা ভিত্তিক মোট বরাদ্দ (বাজেট বিভাজনসহ) (প্রকৃত টাকায়)

| ক্রমিক নং | জেলার নাম | মেমো নং | মেমোর তারিখ মাস/দিন/বছর | অফিস কোড | এওপি নং | অপারেশনাল কোড | অর্থনৈতিক কোড | সর্বমোট বরাদ্দ (প্রকৃত টাকায়) | জিওবি (৬০%) | আরপিএ (জিওবি) (৪০%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ফরিদপুর | ৮৯ | ০৩-২৭-২০২৪ | ৮২৯ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭১০১ | ১১,৩০,৮৭৫.০০ | ৬,৭৮,৫২৫.০০ | ৪,৫২,৩৫০.০০ |
| ২ | রাঙ্গামাটি | ৮৯ | ০৩-২৭-২০২৪ | ৮৪১ | ১৩৩ | ৮২০৫ | ৩২৫৭১০১ | ৮,৯৬,১৭৫.০০ | ৫,৩৭,৭০৫.০০ | ৩,৫৮,৪৭০.০০ |
| সর্বমোট টাকা= বিশ লক্ষ সাতাশ হাজার পঞ্চাশ মাত্র। | | | | | | | | ২০,২৭,০৫০.০০ | ১২,১৬,২৩০.০০ | ৮,১০,৮২০.০০ |

২৭/০৩/২০২৪

২৭/০৩/২৪
ড. মোঃ আবুল কালাম আজাদ
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়